ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২০৮৮
আগরতলা,২ আগস্ট,২০২৫

# হর ঘর তিরঙ্গা ২০২৫ : ২ আগস্ট থেকে ১৫ আগস্ট পর্যন্ত রাজ্যজুড়ে বিভিন্ন কর্মসূচি

দেশভক্তি ও দেশপ্রেমের চেতনাকে সুদৃঢ় করে তুলতে এবং দেশের স্বাধীনতা সংগ্রামের বীর শহীদের প্রতি শ্রদ্ধা জানানোর লক্ষ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আহ্বানে ২০২২ সালে দেশব্যাপী হর ঘর তিরঙ্গা কর্মসূচির সূচনা করা হয়েছিল। এবছরও এই কর্মসূচিকে আরও ব্যাপক পরিসরে পালন করার লক্ষ্যে ২ আগস্ট থেকে ১৫ আগস্ট পর্যন্ত তিনটি পর্যায়ে নানা কর্মসূচি রূপায়ণ করা হবে। সারা দেশের সাথে রাজ্যেও তিনটি পর্যায়ে এই কর্মসূচি উদযাপন করা হবে।

প্রথম পর্যায়ে আজ থেকে ৮ আগস্ট পর্যন্ত বিদ্যালয়ের ছাত্রছাত্রী সহ সমাজের সর্বস্তরের জনগণের অংশগ্রহণকে সুনিশ্চিত করে দেশাত্মবোধক বিভিন্ন কর্মসূচি পালন করা হবে। এরমধ্যে রয়েছে তিরঙ্গা প্রদর্শনী, তিরঙ্গা রঙ্গোলি প্রতিযোগিতা, তিরঙ্গা রাখী তৈরির কর্মশালা, সেনা জওয়ান এবং পুলিশ কর্মীদের প্রতি চিঠি লিখন, তিরঙ্গা আলোক সজ্জা, বিদ্যালয়ের দেওয়াল অঙ্কন, ক্যুইজ প্রতিযোগিতা ইত্যাদি। দ্বিতীয় পর্যায়ে ৯ আগস্ট থেকে ১২ আগস্টের মধ্যে তিরঙ্গা মহোৎসবের অঙ্গ হিসেবে অনুষ্ঠিত হবে তিরঙ্গা মেলা, তিরঙ্গা কনসার্ট, তিরঙ্গা বাইক ও বাইসাইকেল র‍্যালি, তিরঙ্গা যাত্রা ইত্যাদি। এছাড়াও হর ঘর তিরঙ্গা সেলফি বুথ তৈরি করা হবে। সেখানে তিরঙ্গা সহ সেলফি তুলে www.harghartiranga.com এই ওয়েবসাইটে আপলোড করা যাবে। তৃতীয় পর্যায়ে ১৩ আগস্ট থেকে ১৫ আগস্ট রাজ্যের সর্বত্র জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে হর ঘর তিরঙ্গা কর্মসূচি উদযাপন করা হবে। এছাড়াও ৮ আগস্ট থেকে ১৫ আগস্ট পর্যন্ত সপ্তাহব্যাপী স্বচ্ছতা এবং সুজলতা অভিযান সংঘটিত করা হবে।

*****